দৈনিক বাংলা

তারিখ 03 MAR 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম 2

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

11

১৭৫

আজ দুটি কলেজ ছাত্র সংসদ নির্বাচন হচ্ছে না

# চট্টগ্রামে মহসিন কলেজের ভাইস প্রিন্সিপাল অপহৃত

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ২রা এপ্রিল।—এখানে তিনটি কলেজের মধ্যে দুটি কলেজে ছাত্র সংসদ নির্বাচন আগামীকাল অনুষ্ঠিত হবে না। কর্তৃপক্ষীয় সূত্রে আজ একথা জানা গেছে।

এদিকে আজ রাত সাড়ে ৯টায় আট থেকে দশজন দুষ্কৃতকারী মহসিন কলেজের ভাইস প্রিন্সিপাল অধ্যাপক মহিউদ্দিনকে জোর করে তার নন্দনকাননের বাসভবন থেকে ধরে নিয়ে যায়। এ সময় হাত বোমা ফাটানো হয়, রাত সাড়ে ১১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত অপহৃত অধ্যাপক মহিউদ্দিনের কোন খোঁজ পাওয়া যায়নি। পুলিশ একথা জানায়।

অধ্যাপক মহিউদ্দিনের খোঁজে পুলিশের বিভিন্ন দল নগরীর বিভিন্ন স্থানে তল্লাশী চালাচ্ছে।

জনসাধারণের অসুবিধার কথা

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রিন্সিপাল অপহৃত

(প্রথম পৃঃ পর)

বিবেচনা করে ছাত্র সংগ্রাম পরিষদ আগামীকালের পূর্ণ দিবস হরতালের সময়সীমা কমিয়ে বেলা ২টা পর্যন্ত নির্ধারণ করেছে।

চট্টগ্রাম কলেজ কর্তৃপক্ষ আগামী ১১ই মে পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ জানান কলেজ কর্তৃপক্ষের ওপর আদালতের ইনজাংশন জারি করার প্রেক্ষিতে এই কলেজের ছাত্র সংসদ নির্বাচন স্থগিত করা হয়।

কমার্স কলেজ কর্তৃপক্ষ ইতিপূর্বে ছাত্র সংসদ নির্বাচন স্থগিত ও কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন।

মহসিন কলেজ ছাত্র সংসদ নির্বাচন পূর্ব নির্ধারিত সময়সূচী অনুসারে আগামীকাল অনুষ্ঠিত হওয়ার কথা।

আগামীকালের হরতালের সমর্থনে ছাত্র সংগ্রাম পরিষদ ও জাতীয়তাবাদী ছাত্রদল আজ পৃথক মিছিল করে এবং পৃথক বিবৃতিতে কলেজগুলোতে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে এনে নির্বাচনের তারিখ পুনঃনির্ধারণের দাবী জানায়।

আজ সন্ধ্যায় এখানে প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ছাত্র শিবির সভাপতি শামসুল ইসলাম বলেন, যারা ছাত্র সংসদ নির্বাচনের বিরোধিতা করছেন, তারা প্রকৃতপক্ষে গণতন্ত্রের বিরোধী।

### মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ নির্বাচন

চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ছাত্র সংসদের নির্বাচন আগামী ৫ই এপ্রিল অনুষ্ঠিত হবে।

ছাত্র সংসদের ২০টি পদে তিনটি প্যানেলের ৫০ জন প্রার্থী এ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।